# লালশাক (Red Amaranth)

## জাতঃ

বারি লালশাক-১, আলতাপাতি ।

## মাটিঃ

প্রায় সব ধরনের মাটিতেই সারা বছর ‘বারি লালশাক-১’ এর চাষ করা যায়। তবে শীত মৌসুমে লালশাকের ফলন বেশি হয়। গ্রীষ্ম মৌসুমে পানি নিষ্কাশনের সুবিধাযুক্ত জমিতে লালশাক চাষ করা যায়। দোআঁশ বা বেলে দোআঁশ মাটি লালশাকের জন্য উত্তম।

## জমি তৈরিঃ

জমি খুব ভালভাবে চাষ ও মই দিয়ে তৈরি করতে হবে। মাটি ও জমির প্রকার ভেদে ৪টি চাষ ও মই দিতে হয়।

## বীজ বপনঃ

লালশাক বীজ ছিটিয়ে ও সারিতে বপন করা যায়। তবে সারিতে বপন করা সুবিধাজনক। সারি থেকে সারির দূরত্ব ২০ সেমি দিতে হবে। একটি কাঠির সাহায্যে ১.৫-২.০ সেমি গভীর লাইন টেনে বীজ বুনে মাটি সমান করে দিতে হবে।

## বপনের সময়ঃ

সারা বছরই এ জাতের লালশাক চাষ করা যায়।

## বীজের হারঃ

হেক্টরপ্রতি ২.০-২.৫ কেজি।

## অন্তর্বর্তীকালীন পরিচর্যাঃ

বীজ গজানোর ১ সপ্তাহ পর প্রত্যেক সারিতে প্রতি ৫ সেমি অন্তর গাছ রেখে অন্যান্য গাছ তুলে ফেলতে হবে। নিড়ানি দিয়ে জমি আগাছামুক্ত রাখতে হবে। জমির উপরিভাগে মাটিতে চটা হলে নিড়ানি দেওয়ার সময় তা ভেঙ্গে দিতে হবে।

## ফসল সংগ্রহঃ

বীজ বোনার ৩০-৪০ দিনের মধ্যে শাক খাওয়ার উপযুক্ত হয়। একসাথে শাক সংগ্রহ না করে ধীরে ধীরে সংগ্রহ করা ভালো। ২-৩ সপ্তাহ পর চারা পাতলা করলে কচি শাক খাওয়া যায় ।

## ফলনঃ

হেক্টর প্রতি ৫-৬ টন।